**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**উপজেলা সমাজসেবা কার্যালয়**
**বরিশাল সদর, বরিশাল।**
**www.dss.barisalsadar.barisal.gov.bd**

স্মারক নং-০৫.১০.০৬৩২.০০০.১৬.০০১.২৬-১৩১

তারিখ: ০৭ শ্রাবণ,১৪৩৩ / ২২ জুলাই,২০২৬

**ফ্যামিলি কার্ড কর্মসূচী বাস্তবায়নে**
**স্বেচ্ছাসেবক তথ্য সংগ্রহকারী/সুপারভাইজার তালিকাভুক্তির বিজ্ঞপ্তি।**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সমাজকল্যাণ মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়িত ফ্যামিলি কার্ড কর্মসূচির "ফ্যামিলি কার্ড শুমারি নির্দেশিকা-২০২৬" এর আলোকে দেশব্যাপী আগামী "১লা আগস্ট ২০২৬ হতে ১৪ সেপ্টেম্বর ২০২৬" পর্যন্ত শুমারি কার্যক্রম শুরু হতে যাচ্ছে। সে লক্ষ্যে ফ্যামিলি কার্ড সম্পর্কিত তথ্য সংগ্রহের জন্য সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে প্রয়োজনীয় সংখ্যক তথ্য সংগ্রহকারী, সুপারভাইজার এবং আইসিটি সুপারভাইজার পদে নিয়োগের প্যানেল গঠন লক্ষ্যে শুধু বরিশাল সদর (সিটি কর্পোরেশন ব্যতীত) উপজেলায় বসবাসকারী নিম্ন বর্ণিত শর্তে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্র. নং | পদের নাম | পদ সংখ্যা | যোগ্যতা | অযোগ্যতা | অগ্রাধিকারযোগ্য বৈশিষ্ট্য |
|---|---|---|---|---|---|
| ০১ | তথ্য সংগ্রহকারী | ৯৯ টি | ১) ন্যূনতম এইচএসসি বা সমমানের পাস<br>২) বয়স: ১৮ থেকে ৪০ বছর (শুমারি তারিখে)<br>৩) ট্যাবলেট/স্মার্টফোন ব্যবহারিক পরীক্ষায় ৭০%+ নম্বর<br>৪) সংশ্লিষ্ট শুমারি এলাকার স্থায়ী বাসিন্দা বা ওই এলাকা সম্পর্কে ভালো জ্ঞান<br>৫) বাংলায় সাবলীলভাবে পড়তে, লিখতে ও কথা বলতে সক্ষম<br>৬) শারীরিকভাবে সক্ষম ও মাঠে কাজ করতে সক্ষম | আবেদনকারী ফৌজদারী মামলায় দোষী সাব্যস্ত, সরকারি বা আধা-সরকারি সংস্থায় নিয়মিত বেতনে কর্মরত থাকলে, পূর্বে তথ্য জালিয়াতির কারনে বরখাস্ত বা দন্ডিত ব্যক্তির আবেদন করার প্রয়োজন নাই। | ১) নারী প্রার্থী ৫০%<br>২) স্নাতক বা তদুর্ধ ডিগ্রিধারী<br>০৩) পূর্বে BBS জরিপে কাজের অভিজ্ঞতা। |
| ০২ | সুপারভাইজার | ১১ টি | ১) ন্যূনতম ব্যাচেলর ডিগ্রী বা সমমান পাস<br>২) বয়স: ২৫-৪৫<br>৩) ট্যাবলেট ও ওয়েব অ্যাপ্লিকেশন দক্ষতা এবং ব্যবহারিক পরীক্ষায় ৮০%+ নম্বর<br>৪) তথ্য সংগ্রহ এলাকার ভৌগলিক অবস্থান ও প্রকৃতি এবং ওয়ার্ড সীমানা সম্পর্কে বিস্তারিত জ্ঞান<br>৫) দলনেতৃত্ব, মৌখিক ও ডিজিটাল যোগাযোগ দক্ষতা | | |
| ০৩ | আইসিটি সুপারভাইজার | ০২ টি | ১) ন্যূনতম ব্যাচেলর ডিগ্রী বা সমমান পাস<br>২) বয়স: ২৫-৪৫<br>৩) ট্যাবলেট/স্মার্টফোন/কম্পিউটার বিষয়ে বিশেষ জ্ঞান এবং ট্যাবলেট ও অ্যাপ সমস্যার তাৎক্ষণিক সমাধান | | |

**শর্তাবলীঃ**

১। ট্যাবলেট/স্মার্টফোন পরিচালনায় দক্ষতা আছে কেবল এমন প্রার্থীগনই আবেদন করতে পারবেন।
২) ভুল বা অসম্পূর্ণ আবেদন ফরম বাতিল বলে গণ্য হবে। একজন ব্যক্তি একটিমাত্র পদে আবেদন করতে পারবেন।
৩) আবেদনকারীকে আগামী ২৫/০৭/২০২৬ খ্রি. রোজ শনিবার বিকাল ০৫.০০ ঘটিকার মধ্যে সকল শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত ফটোকপি, জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধনের সত্যায়িত ফটোকপি এবং পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবিসহ নির্ধারিত আবেদন ফরম পুরন করে উপজেলা সমাজসেবা কার্যালয়, বরিশাল সদর, বরিশালে জমা দিতে হবে এবং আগামী ২৬/০৭/২০২৬ খ্রি. রোজ রবিবার সকাল ১০.০০ ঘটিকায় ব্যবহারিক পরীক্ষা অনুষ্ঠিত হবে।
৪) কর্তৃপক্ষ প্রয়োজনে যে কোন শর্ত সংযোজন, সংশোধন, পরিবর্তন এবং পদ সংখ্যা হ্রাস বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করেন।
৫) নিয়োগ সংক্রান্ত গঠিত নিয়োগ কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
৬) নির্ধারিত আবেদন ফর্ম উপজেলা সমাজসেবা কার্যালয়, বরিশাল সদর, বরিশাল থেকে সংগ্রহ করতে হবে। (বিনা মূল্যে)
৭) নিয়োগের ক্ষেত্রে যেকোন ধরণের তদবির প্রার্থীর অযোগ্যতা হিসাব বিবেচিত হবে।

২২/০৭/২৬

**(মোছাঃ ফরিদা সুলতানা)**
**উপজেলা নির্বাহী অফিসার ও**
**সভাপতি**
**ফ্যামিলি কার্ড শুমারীর তথ্য সংগ্রহকারী**
**স্বেচ্ছাসেবী নির্বাচন কমিটি**
**বরিশাল সদর, বরিশাল।**

স্মারক নং-০৫.১০.০৬৩২.০০০.১৬.০০১.২৬-১৩১/১(৩০)

তারিখ: ০৭ শ্রাবণ,১৪৩৩ / ২২ জুলাই,২০২৬

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

১। মাননীয় সংসদ সদস্য-১২৩, বরিশাল-৫, বরিশাল সদর, বরিশাল।
২। জেলা প্রশাসক, বরিশাল।
৩। পরিচালক,বিভাগীয় সমাজসেবা কার্যালয়, বরিশাল।
৪। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, বরিশাল।
৫। প্রশাসক, উপজেলা পরিষদ, বরিশাল সদর, বরিশাল।
৬। উপজেলা নির্বাহী অফিসার, বরিশাল সদর, বরিশাল।
৭। সহকারী কমিশনার (ভূমি), বরিশাল সদর, বরিশাল।
৮। অফিসার ইন চার্জ কতোয়ালী মডেল থানা/কাউনিয়া থানা/ এয়ারপোর্ট থানা ও বন্দর থানা।
৯। সদস্য..............................ফ্যামিলি কার্ড শুমারীর তথ্য সংগ্রহকারী স্বেচ্ছাসেবী নির্বাচন কমিটি, বরিশাল সদর, বরিশাল।
১০। উপজেলা..................................কর্মকর্তা, বরিশাল সদর, বরিশাল।
১১। চেয়ারম্যান/প্রশাসক...........................................ইউপি (সদস্য), বরিশাল সদর, বরিশাল।
১২। ইউনিয়ন পরিষদের প্রশাসনিক কর্মকর্তা (সকল), বরিশাল সদর, বরিশাল।
১৩। জনাব..........................................................।
১৪। অফিস কপি।

22.07.26

শেখ জহির উদ্দিন আহম্মাদ
উপজেলা সমাজসেবা অফিসার (অ:দা:)
সদস্য সচিব
ফ্যামিলি কার্ড শুমারীর তথ্য সংগ্রহকারী
স্বেচ্ছাসেবী নির্বাচন কমিটি
বরিশাল সদর, বরিশাল।